# AKASHVANI(AIR)
# RNU:KOLKATA
# BengaliText Bulletin

**Date 10-01-2026 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) আই প্যাক এর কর্ণধার প্রতীক জৈন এর বাড়ি ও কার্যালয়ে তাদের কাজে বাধাদানের পরিপ্রেক্ষিতে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বিরুদ্ধে সুপ্রিম কোর্টে মামলা দায়ের করতে চলেছে ই ডি।

বিজেপি এই ঘটনায় রাজ্যপাল সি ভি আনন্দ বোসের হস্তক্ষেপ চেয়েছে।

২) আসন্ন বিধানসভা নির্বাচনে ৭ জেলার ৬৯-টি বহুতল আবাসনে ভোট কেন্দ্র তৈরি করা হবে।

৩) পশ্চিমবঙ্গে আয়ুষ্মান ভারত প্রকল্প কার্যকর না হওয়ায় কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডা আবারও ক্ষোভ প্রকাশ করেছেন।

৪) বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়লগ-২০২৬-এর দ্বিতীয় পর্ব নতুন দিল্লির ভারত মন্ডপমে শুরু হয়েছে।চলবে এ মাসের ১২ তারিখ পর্যন্ত।

৫) হাওড়া ও অসমের কামাখ্যার মধ্যে বন্দেভারত স্লিপার ট্রেনের সম্ভাব্য সময় সূচী ও স্টপেজ রেলের পক্ষ থেকে জানানো হয়েছে।

৬) রাজ্যে শৈত্য প্রবাহের কোন সতর্কতা না থাকলেও শীতের অনুভূতি বজায় থাকবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

আই প্যাক এর কর্ণধার প্রতীক জৈন এর বাড়ি ও কার্যালয়ে তাদের কাজে বাধাদানের পরিপ্রেক্ষিতে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বিরুদ্ধে সুপ্রিম কোর্টে মামলা দায়ের করতে চলেছে ই ডি।

শনি ও রবি ছুটি থাকায় তারা দ্রুত শুনানির জন্যে অনলাইনে আবেদন জানাতে চলেছে বলে সূত্রের খবর ।

অন্যদিকে রাজ্যের পক্ষ থেকেও সুপ্রিম কোর্টে ক্যাভিয়েট দাখিলের প্রক্রিয়া শুরু করা হয়েছে বলে জানা যাচ্ছে।

উল্লেখ্য, এই ইস্যুতে ইডি কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হলেও চরম বিশৃঙ্খলার কারণে গতকাল সেই মামলার শুনানি হতে পারেনি। পরবর্তী শুনানি ১৪-ই জানুয়ারী হবে বলে বিচারপতি শুভ্রা ঘোষ জানিয়ে দেন।

পরে ইডি জরুরী ভিত্তিতে এই মামলার শুনানির জন্য প্রধান বিচারপতির কাছে মেল করে আবেদন জানালেও তিনি সেই আবেদনে সাড়া দেননি। তিনি জানিয়ে দেন, জুডিশিয়াল ওর্ডারে তিনি কোন হস্তক্ষেপ করবেন না।

এদিকে, এক অভূতপূর্ব ঘটনায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, আই প্যাকের কর্ণধার প্রতীক জৈন-এর বাড়ি ও দফতরে ইডি-র তল্লাশি চালানোর ব্যাপারে বিধাননগর ইলেক্ট্রনিক্স থানা এবং কলকাতার শেক্সপিয়ার থানায় ইডি-র বিরুদ্ধে এফ আই আর দায়ের করেছেন। পুলিশও শেক্সপিয়ার সরণী থানায় ইডি-র বিরুদ্ধে আর একটি মামলা রুজু করেছে।

oooooooooooooooooooo

বিজেপি, ইডির দপ্তর থেকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর নথি ও ইলেকট্রনিক্স যন্ত্র নিয়ে চলে যাওয়ার ঘটনার প্রতিবাদে রাজ্যপাল সিভি আনন্দ বোসের হস্তক্ষেপ চেয়েছে। দলের রাজ্য কমিটির সদস্য শিশির বাজোরিয়া বলেন, মুখ্যমন্ত্রীর এই ধরনের কাজ গর্হিত ও অপরাধমূলক। এবিষয়ে বিজেপির এক প্রতিনিধি দল গতকাল রাজ্যপালের কাছে অভিযোগ জানান। ওই দলে ছিলেন প্রাক্তন সাংসদ লকেট চট্টোপাধ্যায়, মহিলা মোর্চার সভানেত্রী ফাল্গুনী পাত্র প্রমুখ।

এই ঘটনার প্রতিবাদে বিজেপি-র যুব মোর্চাও গতকাল ধর্মতলায় বিক্ষোভ দেখায়। সাংসদ সৌমিত্র খাঁ এবং যুব মোর্চার রাজ্য সভাপতি ইন্দ্রনীল খান কর্মসূচীতে যোগ দেন। সৌমিত্র খাঁ রাজ্যে ৩৫৫ ধারা জারির দাবি জানিয়েছেন। পাশাপাশি যেসন্ত পুলিশ আধিকারিক এই ঘটনায় যুক্ত তাদের বিরুদ্ধে পদক্ষেপ নেওয়ারও দাবি জানান তিনি।

এদিকে, বিজেপি সাংসদ রবিশঙ্কর প্রসাদ আই প্যাকের অফিস ও বাড়িতে তল্লাশি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর এতো আতঙ্কিত হওয়ার কি কারণ ছিল, সেই প্রশ্ন তুলেছেন। নতুন দিল্লিতে দলীয় সদর দফতরে এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, কেন্দ্রীয় সংস্থা তাদের আইন অনুযায়ী এই তদন্ত চালাচ্ছিল।

(বাইট – রবিশঙ্কর)

০০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, ইডি-র তল্লাশির প্রতিবাদে গতকাল দিল্লিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের সামনে তৃণমূল কংগ্রেসের কয়েকজন সাংসদ বিক্ষোভ দেখাতে গেলে, সাময়িক উত্তেজনা ছড়ায়। সাংসদ ডেরেক ওব্রায়ন, মহুয়া মৈত্র, সাকেত গোখলে, প্রতিমা মন্ডল সহ কয়েকজনকে পুলিশ দ্রুত সেখান থেকে সরিয়ে দেয়।

অন্যদিকে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী ইডি-র এই তল্লাশির বিরুদ্ধে গতকাল যাদবপুর থেকে হাজরা পর্যন্ত এক দলীয় পদযাত্রায় অংশ নেন। তিনি অভিযোগ করেন, রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করতেই বিজেপি কেন্দ্রীয় এজেন্সিকে ব্যবহার করছে। তিনি দাবি করেন, গতকাল তিনি যা করেছেন, তাতে অন্যায় কিছু নেই।

০০০০০০০০০০০০০০০

আসন্ন বিধানসভা নির্বাচনে বহুতল আবাসনে ভোটকেন্দ্র তৈরি করা হবে। রাজ্যের সাতটি জেলায় ৬৯টি বহুতল আবাসনে এই বুথ তৈরির সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গিয়েছে। এই সব আবাসনে ৩০০-র বেশি মানুষ বসবাস করেন।

তালিকা অনুযায়ী, দক্ষিণ কলকাতায় ২, উত্তর কলকাতায় ৮, দক্ষিণ ২৪ পরগনায় ২৫, উত্তর ২৪ পরগনায় ২২, হাওড়ায় ৪, পূর্ব বর্ধমানে ৩ এবং হুগলিতে ৫টি বহুতল আবাসনে ভোটকেন্দ্র হবে।

মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর জানিয়েছে, বহুতল আবাসনে বসবাসকারী ভোটারদের ভোটদানের সুবিধার্থেই এই সিদ্ধান্ত। এতে , দূরে গিয়ে ভোট দেওয়ার প্রবণতা কমবে এবং ভোটারদের অংশ গ্রহণ বাড়বে বলে আশা করা হচ্ছে। সিদ্ধান্ত বাস্তবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসন ও আবাসন কর্তৃপক্ষের সঙ্গে সমন্বয় রেখে প্রয়োজনীয় পরিকাঠামো ও নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা হবে বলেও জানানো হয়েছে।

ooooooooooooooo

সিপিআইএম, দক্ষিণ ২৪ পরগনার ডায়মন্ড হারবার লোকসভা কেন্দ্রের অন্তর্গত বিধানসভা কেন্দ্র গুলির বিশেষ করে ফলতা কেন্দ্রের ভোটার তালিকার স্পেশাল অডিটের দাবি জানিয়েছে। দলের রাজ্য সম্পাদক মন্ডলীর সদস্য শমীক লাহিড়ী গতকাল এই দাবি জানিয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক কে চিঠি দিয়েছেন।বারবার বলা সত্ত্বেও একাধিক কেন্দ্রে SIR র খসড়া ভোটার তালিকায় প্রচুর অবৈধ ভোটারের নাম রয়েছে যা থাকার কোনো কারণ নেই বলে ওই চিঠিতে উল্লেখ করা হয় । এমনকি ভোটার তালিকা তৈরি করতে চুক্তি ভিত্তিক নিযুক্ত ডেটা এন্ট্রি অপারেটর আসলে আইপ্যাকের কর্মী যারা রাজ্যের শাসক দলের হয়ে ভোট পরিচালনা করে বলে ওই চিঠিতে উল্লেখ করা হয়। পাশাপাশি, ERO দপ্তরে থাকা ডেটা অপারেটরদের নিযুক্ত নামের তালিকা দেওয়ার দাবিও জানান হয়।

ooooooooooooooo

সিএএ শংসাপত্রের জন্য আবেদন না করে মতুয়াদের একটা বড় অংশ পিছিয়ে পড়েছে এবং তার দায় মুখ্যমন্ত্রীকেই নিতে হবে বলে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর মন্তব্য করেছেন। তিনি গতকাল ঠাকুরনগরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন, মতুয়াদের সি এ এ তে কেন আবেদন করতে দিলেন না মুখ্যমন্ত্রীকে তার জবাব দিতে

হবে। এস আই আরের শুনানিতে এই শংসাপত্র গ্রহণযোগ্য হবে বলে কমিশন সিদ্ধান্ত নিয়েছে। যারা আবেদন করেনি, তারা পিছিয়ে পড়ছে।

শান্তনু আরো বলেন, ঠাকুরবাড়িতে কারা উন্নয়ন করছে তাদের রিপোর্ট কার্ড দেওয়া হবে। মতুয়াদের সমস্যার সমাধান কারা করবে তারও রিপোর্ট কার্ড বেরোবে।

(বাইট – শান্তনু)

ooooooooooooooo

রাজ্য সরকার, আইএএস আধিকারিক বিনোদ কুমারকে বিদ্যালয় শিক্ষা দপ্তরের প্রধান সচিবের দায়িত্ব দিয়েছে। পাশাপাশি তাকে উচ্চ শিক্ষা দপ্তর ও ওয়েস্ট বেঙ্গল স্টেট গেজেটিয়ার্স এর স্টেট এডিটর এর অতিরিক্ত দায়িত্ব দেওয়া হয়েছে। কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার দপ্তর থেকে জারি করা এক বিজ্ঞপ্তিতে জানা গেছে, গত পয়লা জানুয়ারি থেকে এই সিদ্ধান্ত কার্যকর হয়েছে।

ooooooooooooooo

পশ্চিমবঙ্গে আয়ুষ্মান ভারত প্রকল্প কার্যকর না হওয়ায় কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগত প্রকাশ নাড্ডা আবারও ক্ষোভ প্রকাশ করেছেন। তিনি গতকাল নিউটাউনে কলকাতার চিত্তরঞ্জন ন্যাশনাল ক্যান্সার ইনস্টিটিউট, সিএনসিআই-এর ক্যাম্পাস পরিদর্শনের পর সাংবাদিকদের একথা বলেন।

(বাইট – নাড্ডা)

শ্রী নাড্ডা আরও বলেন, কলকাতার চিত্তরঞ্জন ন্যাশনাল ক্যান্সার ইনস্টিটিউট, সিএনসিআই দ্রুত রোগ নির্ণয়ের জন্য উন্নত মানের এমআরআই এবং পেট-সিটি পরিষেবা চালু করছে। হাজরা ক্যাম্পাসে নতুন এই পরিষেবা চালু করা হবে। ফলে দ্রুত রোগ নির্ণয়ের পাশাপাশি সময় মতো চিকিৎসা শুরু করা সম্ভব হবে।

স্বাস্থ্যমন্ত্রী জানান, সিএনসিআই ভারতের প্রথম সরকারি ক্যান্সার হাসপাতাল হিসেবে এনএবিএইচ সার্টিফিকেট অর্জন এবং রাজ্যের একমাত্র সরকারি হাসপাতাল হিসেবে ল্যাবরেটরি বিভাগে এনএবিএল স্বীকৃতি লাভ করেছে। দেশের ২৭টি আঞ্চলিক ক্যান্সার কেন্দ্রের মধ্যে সিএনসিআই অন্যতম যার দুটি ক্যাম্পাস রয়েছে। এই ক্যান্সার ইনস্টিটিউট দেশের তৃতীয় শীর্ষস্থানীয় ইনস্টিটিউটে পরিণত হয়েছে,যা সরকারি ক্যান্সার ইনস্টিটিউট হিসেবে স্পর্শ করেছে গুরুত্বপূর্ণ মাইলফলক ।

নদীয়ার কল্যাণী এইমসেও ক্যান্সার চিকিৎসার ক্ষেত্রে এক নতুন দিগন্তের সূচনা হলো। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী ওই হাসপাতাল পরিদর্শনের পর দূর নিয়ন্ত্রিত ব্যাবস্থার মাধ্যমে ক্যান্সার রোগীদের জন্য রেডিও থেরাপি ইউনিট ,ব্রেকী থেরাপি ইউনিট ও অত্যাধুনিক সিটি স্ক্যান উইনিট ,নিউমেটিক সিস্টেম পরিষেবা এবং ৫৪ শজ্জার ট্রমা ইউনিট জাতির উদ্দেশ্যে উৎসর্গ করেন ।

নদীয়ার এইমসের কার্যনির্বাহী ডিরেক্টর অরবিন্দ সিনহা জানিয়েছেন –

(বাইট – সিনহা)

ooooooooooooooo

বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়লগ-২০২৬-এর দ্বিতীয় পর্ব নতুন দিল্লির ভারত মন্ডপমে শুরু হয়েছে।চলবে এ মাসের ১২ তারিখ পর্যন্ত।

কেন্দ্রীয় যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী মনসুখ মাণ্ডবিয়া জানিয়েছেন গতকাল এর সূচনা হলেও , জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভালের উপস্থিতিতে আজ এর আনুষ্ঠানিক উদ্বোধন হবে। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এমাসের ১২ তারিখে সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত থাকবেন। দেশ ও বিদেশের আড়াই হাজারেরও বেশি তরুণ এই অনুষ্ঠানে অংশগ্রহণ করছেন।

পশ্চিমবঙ্গ থেকে ৪৫জনের বেশি যুবক যুবতী অনুষ্ঠানে যোগদানের জন্য নির্বাচিত হয়েছে।

oooooooooooooo

হাওড়া – অসমের কামাখ্যার মধ্যে বন্দেভারত স্লিপার ট্রেনের সম্ভাব্য সময় সূচী ও স্টপেজ গতকাল রেলের পক্ষ থেকে জানানো হয়েছে। কামাখ্যা থেকে বুধ এবং হাওড়া থেকে বৃহস্পতিবার বাদে সপ্তাহে ৬ দিন এই ট্রেন চলাচল করবে।

কামাখ্যা থেকে সন্ধে ৬ টা ১৫ মিনিটে ছেড়ে পরদিন সকাল ৮ টা ১৫ মিনিটে হাওড়া পৌঁছাবে।

অন্যদিকে, হাওড়া থেকে সন্ধে ৬ টা ২০ মিনিটে ট্রেনটি ছেড়ে পরদিন সকাল ৮ টা ২০ মিনিটে কামাখ্যা পৌঁছাবে।

কামাখ্যা ও হাওড়ার মধ্যে চলাচলের পথে যে সমস্ত স্টেশনে ট্রেনটি থামবে সেগুলি হলো - Rangiya, নিউ বঙ্গাইগাঁও, নিউ আলিপুরদুয়ার, নিউ কোচবিহার, জলপাইগুড়ি রোড, নিউ জলপাইগুড়ি, আলুয়াবাড়ি রোড, মালদা টাউন, নিউ ফারাক্কা, আজিমগঞ্জ, কাটোয়া, নবদ্বীপ ধাম ও ব্যান্ডেল।

oooooooooooooo

রাজ্যে শৈত্য প্রবাহের কোন সতর্কতা না থাকলেও শীতের অনুভূতি বজায় থাকবে। কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা গতকালের তুলনায় এক ডিগ্রি মতন আজ কমেছে। সকালে আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১১ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় প্রায় আড়াই ডিগ্রি কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল স্বাভাবিকের থেকে দুই দশমিক এক ডিগ্রি কম, ২২.৬ ডিগ্রি সেলসিয়াস।

আগামী কয়েক দিন কোলকাতা ও তার আশপাশে সর্বনিম্ন তাপমাত্রা ১১ থেকে ১৩ এবং সর্বোচ্চ তাপমাত্রা ২০ থেকে ২২ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে থাকবে বলে আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস জানিয়েছেন।

আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, দক্ষিণ-পশ্চিম বঙ্গোপসাগরের উপর সৃষ্টি অতি গভীর নিম্নচাপটি ধীরে ধীরে উত্তর উত্তর পশ্চিমে অগ্রসর হচ্ছে। তবে, এর কোন প্রত্যক্ষ প্রভাব এ রাজ্যে পড়বে না ।

এদিকে দক্ষিণবঙ্গে বিক্ষিপ্তভাবে এবং উত্তরবঙ্গের প্রায় সব জেলাতেই সকালের দিকে ঘন কুয়াশা থাকার সম্ভাবনা রয়েছে।

ooooooooooooooo

ooooooooooooooo